



# সাধারণ বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

website: [www.sbc.gov.bd](http://www.sbc.gov.bd)

সরকারি সম্পত্তি সাধারণ বীমা কর্পোরেশনে বীমাকরণের বিধি-বিধান সম্পর্কিত বিজ্ঞপ্তি

সাধারণ বীমা কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর অধীন একটি রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির অনুকূলে শুধু সাধারণ বীমা কর্পোরেশন থেকে সকল ধরনের বীমা পলিসি গ্রহণ করার বিধান রয়েছে। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির বীমাকরণ সম্পর্কিত বিধান নিম্নরূপঃ

ধারা ১৬। সরকারি সম্পত্তি বীমাকরণঃ - (১) কোনো সরকারি সম্পত্তি অথবা সরকারি সম্পত্তি সংশ্লিষ্ট কোনো ঝুঁকি বা দায় সম্পর্কিত সকল প্রকার নন-লাইফ বীমা ব্যবসা সাধারণ বীমা কর্পোরেশন ১০০% (শতকরা একশত ভাগ) অবলিখন (underwrite) করিয়া উহার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) নিজের নিকট রাখিয়া অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানির মধ্যে সমহারে বন্টন করিবে।

ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য প্রস্তুতকরণে, “সরকারি সম্পত্তি” অর্থ-

- (ক) যে কোনো ধরনের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি যাহা সরকারের সরাসরি নিয়ন্ত্রণে কিংবা সংরক্ষণে রহিয়াছে এবং যাহার রক্ষণাবেক্ষণের আইনগত দায়িত্ব সরকারে;
- (খ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত সম্পত্তি;
- (গ) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ব্যবস্থাধীনে বা নিয়ন্ত্রণে থাকা কোম্পানি, খামার, প্রতিষ্ঠান, সংগঠন, উদ্যোগ বা অন্য কোনো স্থাপনা, অথবা যেইগুলিতে সরকারের বা সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের বা সরকার ও কোনো কোম্পানির যৌথ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা রহিয়াছে বা যাহাতে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ঐরূপ আর্থিক সংশ্লেষ বা স্বার্থ রহিয়াছে বা কোনো কোম্পানির অর্থায়নে সরকারের গ্যারান্টি রহিয়াছে;
- (ঘ) সরকারের গ্যারান্টি বৈদেশিক খণ্ড বা আর্থিক সাহায্যে পরিচালিত যে কোনো প্রকল্প;
- (ঙ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো সম্পত্তি।

বর্ণিত আইনের ১৬ (৩) ধারায় উল্লেখ রয়েছে-

**“১৬ (১) এর বিধান লজ্জন করিয়া গৃহীত বা ইস্যুকৃত যে কোনো বীমা বাতিল বলিয়া গণ্য হইবে”**

- উক্ত আইন সম্পর্কে সম্যক ধারণা না থাকায় বা অসচেতনাবশতঃ কতিপয় সরকারি সংস্থা তাঁদের আওতাধীন সম্পত্তি ও দায়ের বিপরীতে বেসরকারি বীমা কোম্পানির নিকট হতে বীমা পলিসি নিয়ে থাকে, যা আইনত বৈধ নয় এবং এর ফলে সরকার প্রিমিয়াম বাবদ রাজস্ব আয় হতে বাধিত হচ্ছে;
- সুতরাং বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি খাতের সকল সম্পত্তির বীমা ঝুঁকি কেবল রাষ্ট্রীয় নন-লাইফ বীমা ও পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে। এতদ্সত্ত্বেও আইন লজ্জন করে কোন কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি সরকারি সম্পত্তির অনুকূলে বীমা পলিসি ইস্যু করছে যা কোনভাবেই বাস্তুবীয় নয়। নন-লাইফ বেসরকারি বীমা কোম্পানি কর্তৃক সরকারি বীমা ঝুঁকি গ্রহণ বর্তমান বীমা আইনের সম্পূর্ণ পরিপন্থী। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির বীমা ঝুঁকির বিপরীতে সাধারণ বীমা কর্পোরেশন থেকে বীমা পলিসি গ্রহণ করার জন্য এবং বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি সম্পত্তির বিপরীতে বীমা পলিসি ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো;
- উল্লেখ্য যে, কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি খাতের ব্যবসা সংক্রান্ত বীমা পলিসি ইস্যু করা হলে উক্ত পলিসি কর্পোরেশন আইন, ২০১৯ এর ধারা ১৬ এর উপধারা ১ অনুযায়ী বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে ইস্যুকৃত পলিসির প্রিমিয়াম ফেরত নেয়া হবে। তাছাড়া উত্তুত পরিস্থিতিতে দাবি সংক্রান্ত বিষয়ে জিলিতা সৃষ্টি করবে। এ বিষয়ে সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানির সার্বিক সহযোগিতা কামনা করা হচ্ছে।
- এমতাবস্থায়, সকল সরকারি সম্পদের বীমা ঝুঁকি সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

মোঃ হারুন-অর-রশিদ

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)